দৈনিক বাংলা

তারিখ ... 14 APR 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 5

206

9

# জহুরুল হক হলে যুবক খুন ঃ দুই তরুণী আটক

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলের ৪০৪ নম্বর কক্ষে গুলিতে খুন হয়েছে মাইনুল আহসান খোকন (২৩) নামে এক বহিরাগত যুবক। সে ঢাকার এ–জি–বি কলোনীর বাসিন্দা বলে জানাগেছে।

শনিবার বেলা আনুমানিক সাড়ে ১১টায় জহুরুল হক হলের চারতলায় রুদ্ধদ্বার ৪০৪ নম্বর কক্ষে গুলির শব্দ পাওয়া যায়। এর পরপরই কক্ষ থেকে একজন তরুণীকে বেরিয়ে এসে হলের কাছ থেকে একটি রিকসায় চড়ে এবং আরেকজন তরুণীকে এক যুবকের সঙ্গে কক্ষ থেকে বেরিয়ে এসে মোটর সাই-কেলে চড়ে চলে যেতে দেখা গেছে।

জহুরুল হক হলে অবস্থানরত

(৪–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## জহুরুল হক হলে যুবক খুন ঃ দুই তরুণী আটক

ছাত্ররা গুলিবিদ্ধ মাইনুল আহসান খোকনকে একটি রিকশায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে আসেন। কিন্তু অল্পক্ষণের মধ্যে খোকন শেষ নিঃশ্বাস ত্যাগ করে। ময়না তদন্তের জন্য তার লাশ এখন মর্গে তার গ্রামের বাড়ী নরসিংদী। তাঁকে মাথায় পিস্তল বা অনুরূপ অস্ত্র ঠেকিয়ে গুলি করা হয়েছে বলে জানা যায়। ঘটনার সময় দরজা আটকানো কক্ষে চার যুবক ও দুই তরুণী ছিল। হলের এই কক্ষটি কারো নামেই বরাদ্দ ছিল না। বহিরাগত কয়েকটি যুবক দীর্ঘদিন যাবৎ কক্ষটি জোর করে নিজেদের দখলে রাখে।

জহুরুল হক হলের আবাসিক শিক্ষক ডঃ আশরাফ উদ্দিনের লিখিত এজাহার পেয়ে রমনা থানা পুলিশ এসে ৪০৪ নম্বর কক্ষে তল্লাশী করেন। কক্ষ থেকে একটি হাত ব্যাগ উদ্ধার করা হয়। পুলিশ পরে মাদারটেক থেকে হাতব্যাগের মালিক বেবীরানী দাস ও তার থেকে তথ্য সংগ্রহ করে সেতু নামে আরেক তরুণীকে জিজ্ঞা-সাবাদের জন্য আটক করেছেন। বেবী-রাণী দাস ও সেতু উভয়ই কলেজের ছাত্রী। পুলিশ ৪০৪ নম্বর কক্ষটি সীল করেদিয়েছেন।

ইতোমধ্যে জহুরুল হক হলের প্রাধ্যক্ষ এই হত্যার ঘটনা তদন্তের জন্য পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করেছেন।

**দৃষ্টান্তমূলক শাস্তি চাই ঃ**
**আমান–খোকন**

ডাকসুর ভিপি আমানুল্লাহ আমান ও জিএস খায়রুল কবীর শনিবার জহুরুল হক হলে সংঘটিত হত্যা-কান্ডের সঙ্গে জড়িতদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টামূলক শাস্তির দাবী জানিয়েছেন।

তারা এক যুক্ত বিবৃতিতে বলেন, জহুরুল হক হলের একটি কক্ষে সুপরিকল্পিতভাবে ঠান্ডা মাথায় বহি-রাগত এক যুবককে হত্যা করা হয়। বর্তমানে দেশের গণতান্ত্রিক পরিবেশ ক্ষুণ্ন করার জন্য একটি চিহ্নিত ষড়-যন্ত্রকারী বিশেষ মহল ঢাকা বিশ্ব-বিদ্যালয়সহ সারাদেশের শিক্ষা প্রতি-ষ্ঠানে সন্ত্রাসী তৎপরতা চালিয়ে যাচ্ছে।

বিবৃতিতে তারা এ ধরনের নির্মম হত্যাকান্ড ও শিক্ষাঙ্গণে সন্ত্রাস সৃষ্টির তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন।

**ছাত্র দল**

জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির এক সংবাদ বিজ্ঞ-প্তিতে বলা হয়েছে যে, ছাত্রলীগের (শা–অ) অভ্যন্তরীণ কোন্দলের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলে ছাত্রলীগের একজন বহিরাগত কর্মী মাইনুল আহসান খোকনের মৃত্যু হয়।

বিবৃতিতে অভিযোগ করা হয় যে, এর আগে এই দলের অভ্যন্তরীণ কোন্দলের জের হিসাবে ঢাকা পলি-টেকনিক ইন্সটিটিউটের মেধাবী ছাত্র শরিফ নিহত হয়।

বিবৃতিতে ছাত্রদল এসব ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানায়। বিবৃতিতে তারা এ ধরনের সন্ত্রাসবাদীদের প্রতিহত করার জন্য সকল ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান হয়েছে।